# Times Today BD

আলমগীর হান্নান | দেশজুড়ে | 23 June, 2025

জামালপুর জেলা নির্বাচন কার্যালয়ে অভিযান পরিচালনা করেছে দুর্নীতি দমন কমিশন।

আজ দুপুরে জেলা অফিসে এ অভিযানের নেতৃত্ব দেন দুদক জামালপুর সমন্বিত কার্যালয়ের সহকারী পরিচালক মো: কামরুজ্জামান।

এসময় তার সাথে উপ-সহকারী পরিচালক মো: জিহাদুল ইসলাম ও  মো: আতিউর রহমান উপস্থিত ছিলেন।

প্রথমে সকাল ১০টা থেকে সেবাগ্রহীতার ছদ্মবেশে তথ্য সংগ্রহ করে তারা।পরে বেলা ১২টা থেকে দুপুর ১টা পর্যন্ত অভিযান পরিচালনা করে দুদক।

দুদক জামালপুর সমন্বিত কার্যালয়ের সহকারী পরিচালক মো: কামরুজ্জামান জানান- ভোটার কার্ডের বিভিন্ন কাজে হয়রানিসহ বেশ কয়েকটি অভিযোগ পায় দুদক।সরেজমিনে এসে এসব অভিযোগ তদন্ত করে   প্রতিবেদন কমিশনে প্রেরন করা হবে বলে জানিয়েছে তিনি।

দুর্নীতি দমন কমিশন জেলা নির্বাচন কার্যালয় জামালপুর

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 26 June, 2025 16:43

URL: https://timestodaybd.com/across-the-country/3585775807